

📖 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ২৯২

ভূমিকা (المقدمة)

পরিচ্ছেদঃ ২৮. যে ব্যক্তি ভুল হবার আশঙ্কায় ফতওয়া দেয়াকে ভয় পায়

بَابُ مَنْ هَابَ الْفُتْيَا مَخَافَةَ السَّقَطِ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ، أَنبَأَنَا رَوْحٌ، عَنْ كَهْمَسِ بْنِ الْحَسَنِ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ، قَالَ: جَاءَ أَبُو هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ إِلَى كَعْبٍ يَسْأَلُ عَنْهُ، وَكَعْبٌ فِي الْقَوْمِ، فَقَالَ كَعْبٌ: مَا تُرِيدُ مِنْهُ؟ فَقَالَ: أَمَا إِنِّي لَا أَعْرِفُ لِأَحَدٍ مِنْ أَصْحَابِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ يَكُونَ أَحْفَظَ لِحَدِيثِهِ مِنِّي. فَقَالَ كَعْبٌ: أَمَا إِنَّكَ لَنْ تَجِدَ طَالِبَ شَيْءٍ إِلَّا سَيْشَبَعُ مِنْهُ يَوْمًا مِنَ الدَّهْرِ، إِلَّا طَالِبَ عِلْمٍ أَوْ طَالِبَ دُنْيَا. فَقَالَ: أَنْتَ كَعْبٌ؟ قَالَ: نَعَمْ، قَالَ: لِمِثْلِ هَذَا جِئْتُ

إِسْنَادُهُ ضَعِيفٌ لَانْقِطَاعِهِ

বাংলা

২৯২. আব্দুল্লাহ ইবনু শাক্কীক হতে বর্ণিত, তিনি বলেন, আবু হুরায়রা রাদিয়াল্লাহু আনহু কা'ব -এর নিকট এসে তাঁকে কিছু জিজ্ঞেস করলেন। আর কা'ব তখন লোকদের মধ্যে ছিলেন। কা'ব বললেন: আপনার এ কথার উদ্দেশ্য কী? তখন তিনি বলেন: 'জেনে রাখ! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর সাহাবীগণের মধ্যে আমি এমন কাউকে জানিনা যে আমার থেকে অধিক হাদীস মুখস্থ রেখেছেন।

তখন কা'ব বলেন, আপনিও জেনে রাখুন! আপনি কখনোই এমন কোন জিনিস অশ্বেষণকারী ব্যক্তিকে পাবেন না, যে কোন দিন কোন সময় পরিতৃপ্ত হবে। সে জ্ঞান অশ্বেষণকারী হোক কিংবা দুনিয়া ('র ধন-সম্পদ) অশ্বেষণকারীই হোক। তখন তিনি বললেন: তুমিই কি কা'ব? সে জবাব দিল, হ্যাঁ। তখন তিনি বললেন: এ কারণেই আমি (তোমার নিকট) এসেছিলাম।"[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ বিচ্ছিন্নতার কারণে যয়ীফ। হাকিম সহীহ বললেও যাহাবী বলেন: এতে 'ইনকিতা' বা বিচ্ছিন্নতা রয়েছে।

তাখরীজ: হাকিম, আল মুসতাদরাক ১/৯২।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=69603>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন